

তৃতীয় সংস্করণ সম্পর্কে প্রকাশকের নিবেদন

সংসদের Bengali-English Dictionary-র দ্বিতীয় সংস্করণ প্রকাশের আঠারো বছর পর এই তৃতীয় সংস্করণ প্রকাশিত হল। কয়েকটি বিষয়ে পূর্ববর্তী সংস্করণ থেকে তৃতীয় সংস্করণের পার্থক্য বিশেষ লক্ষণীয়। প্রথমত, বহু নতুন শব্দ এই সংস্করণে সংযোজিত হয়েছে। অর্থ ও প্রতিশব্দের বিবৃতিতে যেসব ত্রুটি ও অসম্পূর্ণতা ছিল তা বহুলাংশে সংশোধিত হয়েছে। এমনকী, পরিশিষ্টে কতকগুলি বিষয় সন্নিবিষ্ট হওয়ায় গ্রন্থখানির ব্যবহারযোগ্যতা নিঃসন্দেহে বেড়েছে।

এই অভিধানের সংশোধিত ও পরিবর্তিত সংস্করণটি প্রস্তুত করেছেন সাহিত্য সংসদের সম্পাদকমণ্ডলীর অন্যতম সদস্য শ্রীসুভাষ ভট্টাচার্য। তাঁকে যথাবিধি সাহায্য করেছেন শ্রীরমেন ভট্টাচার্য। উভয়েই আমাদের কৃতজ্ঞতাভাজন। অভিধানের কলেবর বৃদ্ধি সত্ত্বেও এবং প্রকাশনব্যয়ের আধিক্য সত্ত্বেও কেবল পাঠকদের কথা বিবেচনা করেই গ্রন্থের মূল্য যথাসম্ভব কম ধার্য করা হয়েছে।

কলকাতা
জুলাই ২০০০

দেবজ্যোতি দত্ত

তৃতীয় সংস্করণের ভূমিকা

সংসদ Bengali-English Dictionary-র তৃতীয় সংশোধিত ও পরিবর্ধিত সংস্করণ প্রকাশিত হল। ইতিপূর্বে ১৯৮২ সালে দ্বিতীয় সংস্করণ প্রকাশিত হওয়ার পরে বারবার পুনর্মুদ্রিত হয়েছে। এই অভিধান এবং প্রায় প্রতিবারই পুনর্মুদ্রণকালে কিছু সংশোধনও সাধিত হয়েছে। এই তৃতীয় সংস্করণে অবশ্য অভিধানখানি আদ্যন্ত সংশোধিত হয়েছে, বহু নতুন শব্দ সংযোজিত হয়েছে।

নতুন শব্দের অন্তর্ভুক্তি এই সংস্করণের একটি উল্লেখযোগ্য বৈশিষ্ট্য বটে। ভাষায় প্রতিনিয়ত নতুন নতুন শব্দ এবং নতুন নতুন প্রয়োগ অনুপ্রবিষ্ট হচ্ছে। সেসবের অন্তর্ভুক্তি একান্তই আবশ্যিক। এই সংস্করণে সেকাজ যত্নের সঙ্গে করা হয়েছে। বাংলা-ইংরেজি অভিধান প্রায়ই বাংলা ভাষা থেকে ইংরেজি ভাষায় অনুবাদে পাঠককে সাহায্য করবে এটাই অভিপ্রের্ত। সেইজন্য প্রতিশব্দের প্রতি বিশেষ নজর রাখা হয়েছে। উদ্ভিদের ক্ষেত্রে প্রায়ই বৈজ্ঞানিক নাম সংযোজিত হয়েছে।

এই সংস্করণের পরিশিষ্টটিকে বিশেষভাবে সমৃদ্ধ করা হয়েছে। ভারতীয় পশুপাখি ও উদ্ভিদের বৈজ্ঞানিক নাম, অ্যাপ্রোপ্রিয়েট প্রিপজিশন, শব্দের সংক্ষিপ্ত রূপের তালিকা প্রভৃতি এই প্রথম এই অভিধানে সংযোজিত হয়েছে। পাঠক ও লেখকদের পক্ষে তা বিশেষভাবে সহায়ক হবে আশা করা যায়।

এই সংস্করণটি প্রস্তুত করার সময় সাহিত্য সংসদের সর্বাধ্যক্ষ শ্রীদেবজ্যোতি দত্তের পরামর্শ প্রতিপদে আমাকে সাহায্য করেছে। শ্রীরমেন ভট্টাচার্য প্রতিবারের মতো এখানেও আমাকে প্রভূত সাহায্য করেছেন। তাঁর সহৃদয়তার তুলনা নেই। সাহিত্য সংসদের কর্মী শ্রীবাসুদেব গঙ্গোপাধ্যায়ের নিরলস শ্রম ও নিষ্ঠার কথা ভোলা সম্ভব নয়। এই সংস্করণটিকে ত্রুটিমুক্ত ও আকর্ষক করে তুলতে তাঁর উদ্যম বিশেষ প্রশংসনীয়।

কলকাতা
জুলাই ২০০০

সুভাষ ভট্টাচার্য

দ্বিতীয় সংস্করণ সম্পর্কে প্রকাশকের নিবেদন

বাঙ্গালা-ইংরেজি অভিধান-এর দ্বিতীয় সংস্করণ প্রকাশিত হইল। শ্রীবীরেন্দ্রমোহন দাশগুপ্ত, এম.এ. অশেষ যত্নে ইহার সম্পাদনা করিয়াছেন। প্রথম সংস্করণ আদ্যোপান্ত সংশোধন করিয়া এবং নূতন শব্দের বিন্যাস সংযোজন করিয়া এই অভিধানের গুণগত মান বৃদ্ধিতে তিনি চেষ্টার কার্পণ্য করেন নাই। ইংরেজি সাহিত্যে পাণ্ডিত্যের জন্য বিখ্যাত ডঃ সুবোধচন্দ্র সেনগুপ্ত মহাশয় বীরেন্দ্রমোহনবাবুর সম্পাদনাকার্য তদারক করিয়া দিয়াছেন। উভয়ের কাছেই আমরা আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করি। প্রথম সংস্করণের ক্রাউন অক্টেভো আকার পরিবর্তন করিয়া ডিমাই অক্টেভো আকারে অভিধানখানি প্রস্থিত করায় ব্যবহারকারীদের সুবিধা হইবে আশা করি। প্রকাশন-ব্যয়বৃদ্ধির আধিক্য সত্ত্বেও অভিধানের যথাসাধ্য কম মূল্য ধার্য করা হইয়াছে।

১৫ এপ্রিল ১৯৮২

মহেন্দ্রনাথ দত্ত

প্রকাশকের নিবেদন

বর্তমান বাঙ্গালা-ইংরেজি অভিধানটি সাধারণের হাতে তুলিয়া দিতে পারিয়া আমরা আনন্দিত হইয়াছি। ভরসা করি, আমাদের অন্যান্য অভিধানগুলির মতো এটিও সাধারণ্যে সমাদৃত হইবে। অপরিহার্য কারণে অভিধানটি প্রকাশে অনেক বিলম্ব হইল—এই ত্রুটির জন্য আমরা সাধারণের নিকট ক্ষমা প্রার্থনা করিতেছি। পাণ্ডুলিপি প্রণয়নের দুরূহতাই ইহার মুখ্য কারণ।

শ্রীশৈলেন্দ্র বিশ্বাস অশেষ পরিশ্রম ও অধ্যবসায় সহকারে অভিধানটি সংকলন করিয়া দিয়াছেন এবং সুপাণ্ডিত ড. সুবোধচন্দ্র সেনগুপ্ত অতি যত্নসহকারে পাণ্ডুলিপি সংশোধন করিয়া দিয়াছেন। আমরা ইহাদের নিকট কৃতজ্ঞ।

বর্তমান দুর্মূল্যের দিনে অভিধানটির দাম যথাসম্ভব কম ধার্য করা হইয়াছে।

২০ মে ১৯৬৮

[নয়]

দ্বিতীয় সংস্করণের ভূমিকা

সংসদ বাজালা-ইংরেজি অভিধানের দ্বিতীয় সংস্করণ প্রকাশিত হইল। প্রথম সংস্করণের তৃতীয় পুনর্মুদ্রণকালে পরিশিষ্টে যে-সকল নূতন শব্দ এবং প্রয়োগবিধির দৃষ্টান্ত সংযোজন করিয়াছিলাম বর্তমান সংস্করণে তাহা মূল অভিধানে সন্নিবেশিত হইয়াছে। ইহা ছাড়া, প্রায় পাঁচ হাজার নূতন শব্দ, নির্দিষ্ট ভাবপ্রকাশক শব্দসমষ্টি (phrases), বাগ্ধারা (idioms) এবং পারিভাষিক শব্দ ইহাতে সংযোজিত হইয়াছে।

সম্পাদনকালে শব্দাদির অর্থবৈচিত্র্যের প্রতি বিশেষ লক্ষ রাখা হইয়াছে এবং অনেক স্থানে শব্দার্থ বিস্তৃততর করা হইয়াছে। অভিধানোক্ত শব্দসমূহের অর্থাদি পুঙ্খানুপুঙ্খভাবে পুনর্বিচার করা হইয়াছে এবং প্রয়োজন অনুযায়ী সংশোধন অথবা পরিমার্জন করা হইয়াছে। জীবন্ত ভাষার শব্দার্থে ও প্রয়োগবিধিতে নিরন্তর পরিবর্তন ঘটে। এই পরিবর্তনশীলতা অভিধানিকের কাজ দুরূহ করিয়া তোলে। এই বিষয়ের প্রতি লক্ষ রাখিয়া নিজ কর্তব্য পালন করিতে চেষ্টার ত্রুটি করি নাই। যাহাতে অভিধানখানির উপযোগিতা এবং জনপ্রিয়তা সর্বাংশে বৃদ্ধি পায় তৎপ্রতিও বিশেষ মনোযোগী হইয়াছি। সাফল্যের বিচার সহৃদয় পাঠকমণ্ডলী করিবেন। তাঁহাদের নিকট একান্ত অনুরোধ যে কোনো ভুলত্রুটি লক্ষ করিলে তাঁহারা যেন উহা আমাদের গোচরে আনয়ন করেন।

সাহিত্য সংসদের সর্বাধ্যক্ষ শ্রীযুক্ত মহেন্দ্রনাথ দত্ত এবং কৃতী ও সুযোগ্য পরিচালক শ্রীযুক্ত দেবজ্যোতি দত্ত বর্তমান সংস্করণ সম্পাদনার ভার আমার উপরে ন্যস্ত করিয়া এবং সম্পাদনকার্যে নানাভাবে উপদেশ দিয়া আমাকে অপরিশোধনীয় ঋণপাশে আবদ্ধ করিয়াছেন। তাঁহাদের সহৃদয়তা কৃতজ্ঞতার সহিত স্মরণ করি।

স্বনামধন্য শ্রদ্ধেয় পণ্ডিতপ্রবর ডক্টর সুবোধচন্দ্র সেনগুপ্তের নিকট আমার ঋণ সমধিক। তাঁহার অমূল্য উপদেশ এবং সংশোধন অভিধানখানির উৎকর্ষসাধনে সাতিশয় সহায়তা করিয়াছে। তাঁহার অপরিশোধ্য ঋণ কৃতজ্ঞচিত্তে স্মরণ করি।

এই প্রসঙ্গে সাহিত্য সংসদের সুযোগ্য ম্যানেজার শ্রীযুক্ত গোলোকেন্দু ঘোষ মহাশয়ের নাম বিশেষভাবে উল্লেখযোগ্য। তাঁহার নিরলস সহযোগিতা ও নানা মূল্যবান উপদেশ আমার অমূল্য পাথেয় হইয়াছে। মুদ্রণকালে আর যাঁহাদের সহায়তা লাভ করিয়াছি তাঁহাদের মধ্যে শ্রীযুক্ত রমেন ভট্টাচার্য সর্বাগ্রগণ্য। শ্রীযুক্ত মনোমোহন চক্রবর্তী এবং শ্রীযুক্ত কৃষ্ণ সেনগুপ্ত অত্যন্ত দক্ষতার সহিত প্রুফ-সংশোধন-কার্যে সহায়তা করিয়াছেন। ইঁহারা সকলেই নান ত্রুটিবিচ্যুতির প্রতি আমার দৃষ্টি আকর্ষণ করিয়াছেন। ইঁহাদের নিকট আমার কৃতজ্ঞতা অপরিসীম। পরিশেষে, অকুণ্ঠ সহযোগিতার জন্য সাহিত্য সংসদের সহকর্মীবৃন্দের প্রতি আন্তরিক ধন্যবাদ জানাই।

১৯ মার্চ ১৯৮২

বীরেন্দ্রমোহন দাশগুপ্ত

[এগারো]

প্রথম সংস্করণের ভূমিকা

‘সংসদ বাঙ্গালা অভিধান’ এবং ‘Samsad English-Bengali Dictionary’ প্রকাশিত হইবার পর শুভানুধ্যায়ী সুধী-সমাজের নিকট হইতে প্রায়ই একটি অনুরোধ পাইতে থাকি; অনুরোধটি হইল এমন একখানি Bengali-English Dictionary রচনা করিবার জন্য যাহা বাঙ্গালা হইতে ইংরেজিতে অনুবাদকার্যে এবং বঙ্গভাষাধ্যায়ী বিদেশীদের পাঠকার্যে সহায়তা করিতে পারিবে। ‘সাহিত্য সংসদ’-এর ম্যানেজিং ডিরেক্টর শ্রীযুক্ত মহেন্দ্রনাথ দত্তকে এই কথা জানাইলে, তিনি উক্ত অভিধান মুদ্রণ ও প্রকাশের দায়িত্ব গ্রহণ করিতে এবং ব্যয়ভার বহন করিতে সম্মত হন। সে আজ চার বৎসরেরও আগের কথা। এই দীর্ঘকাল প্রায় সর্বকর্ম পরিত্যাগ করিয়া উক্ত অভিধান রচনায় ব্যাপ্ত থাকি। এই অভিধান রচনায় সুধীজনের নির্দেশ কতটা সাফল্যের সঙ্গে পালন করিতে পারিয়াছি, তাহা তাঁহাদেরই বিচার্য। ভ্রমপ্রমাদ নিশ্চয়ই ঘটিয়াছে, এবং সে সম্বন্ধে যদি তাঁহাদের মন্তব্য জানিতে পাই, তাহা হইলে তাঁহাদের নিকট কৃতজ্ঞ থাকিব।

প্রত্যেক জীবন্ত ভাষার শব্দসম্ভারে, শব্দার্থে, প্রয়োগবিধিতে নিরন্তর পরিবর্তন ঘটিতেছে। এই পরিবর্তনশীলতার ফলে অভিধানিকের কাজ বিষম কঠিন হইয়া উঠে। অধিকন্তু, ইতিপূর্বে যে তিনখানি অভিধান রচনা করিয়াছি (‘সংসদ বাঙ্গালা অভিধান’, ‘Samsad English-Bengali Dictionary’ এবং ‘Samsad Little English-Bengali Dictionary’), সে কয়খানির ক্ষেত্রে পূর্বগামীদের রচিত গ্রন্থাবলী হইতে প্রচুর সাহায্য পাইয়াছি; কিন্তু বর্তমান বাঙ্গালা-ইংরেজি অভিধানখানির রচনাকার্যে সে রূপ কোনো সাহায্য পাই নাই বলিলেই চলে। সেই অভাব বহুলাংশে পূরণ করিয়াছেন এই গ্রন্থের সংশোধক ডক্টর সুবোধচন্দ্র সেনগুপ্ত। তাঁহার সঙ্গে কাজ করিয়া এই কথাটি স্পষ্টই হৃদয়ঙ্গম হইয়াছে যে, তিনি কেবল বর্তমান ভারতের অন্যতম অগ্রগণ্য সাহিত্যপণ্ডিতই নহেন, জ্ঞানের বিভিন্ন রাজ্যেও তাঁহার বিশেষাধিকার আছে। সর্বোপরি, অভিধান রচনার কার্যে যে সর্বরসে রসিক মন থাকার প্রয়োজন, তেমন একটি মনের তিনি অধিকারী। কিন্তু দুঃখের বিষয়, তাঁহার নির্দেশাবলী সর্বক্ষেত্রে যথাযথভাবে পালন করিতে পারি নাই, কারণ তাহা করিতে হইলে অভিধানখানির কলেবর অনেক বড়ো হইয়া পড়িত। আমি নিজেও যে পাণ্ডুলিপি রচনা করিয়াছিলাম, তাহা সম্পূর্ণ বজায় রাখিতে গেলে এই গ্রন্থখানির আয়তন প্রায় দ্বিগুণ বৃদ্ধি পাইত। বর্তমান অবস্থায় তাহা করা সম্ভব ছিল না। ফলে, নির্মমভাবে পাণ্ডুলিপির অজ্ঞাহানি করিতে হইয়াছে। তবে, বর্তমান গ্রন্থখানি যদি পাঠকসমাজে সমাদর লাভ করে

এবং পাঠকবর্গ যদি দাবি করেন, তাহা হইলে ভবিষ্যতে একখানি বড়ো আকারের বাঙ্গালা-ইংরেজি অভিধান প্রণয়নের ইচ্ছা রহিল।

বর্তমান গ্রন্থখানির প্রুফ-সংশোধনের দায়িত্ব যাঁহারা যোগ্যতার সঙ্গে পালন করিয়াছেন, তাঁহারা হইলেন শ্রীযুক্ত আশুতোষ ভট্টাচার্য বি.এ., শ্রীযুক্ত পূর্ণেন্দু সেনগুপ্ত, শ্রীযুক্ত রজত নন্দী বি.এ.। গ্রন্থের রচনা, মুদ্রণ ও প্রকাশনার কার্যে সর্বক্ষণ যথোচিত তত্ত্বাবধান করিয়াছেন 'সাহিত্য সংসদ'-এর সুযোগ্য কর্মসচিব সুসাহিত্যিক শ্রীযুক্ত গোলোকেন্দু ঘোষ বি.কম.। সংযোগরক্ষার দায়িত্ব নিয়মিতভাবে পালন করিয়াছেন শ্রীযুক্ত মাধবচন্দ্র দাস। ইঁহারা সকলেই আমার আন্তরিক ধন্যবাদের পাত্র। সর্বোপরি, এতগুলি সুধী ব্যক্তি ও কর্মীকে একত্র করিয়া এবং বিগত চার বৎসর ধরিয়া এই অভিধান রচনার কার্যে নানা সাহায্য করিয়া ও প্রেরণা দিয়া শ্রীযুক্ত মহেন্দ্রনাথ দত্ত যে মনোবৃত্তি ও নিষ্ঠার পরিচয় দিয়াছেন, তাহা প্রকৃত সাধকের মধ্যেই দৃষ্ট হয়। তাঁহার মনোবৃত্তি ও নিষ্ঠা আমাকে মুগ্ধ করিয়াছে।

পরিশেষে, পাঠকবর্গের নিকট পুনরায় সবিনয় নিবেদন করিতেছি যে, তাঁহারা যেন অনুগ্রহ করিয়া বিনা দ্বিধায় তাঁহাদের মতামত আমাকে জ্ঞাপন করেন, তাঁহাদের মন্তব্য গ্রন্থখানির ভবিষ্যৎ সংস্করণের সংশোধন-কার্যে প্রচুর সহায়তা করিবে বলিয়া বিশ্বাস করি। ইতি—

রবীন্দ্র-জন্মতিথি, ১৩৭৫
বেলঘরিয়া

শৈলেন্দ্র বিশ্বাস

অভিধানে ব্যবহৃত সংকেতাবলির অর্থ

<i>a.</i>	adjective	<i>elec.</i>	electricity
<i>aban.</i>	abandoned	<i>Eng.</i>	English
<i>abbr.</i>	abbreviation	<i>erron.</i>	erroneous
<i>accts.</i>	accounts	<i>esp.</i>	especially
<i>adv.</i>	adverb	<i>etc.</i>	et cetera
<i>affect.</i>	affectionate	<i>ety.</i>	etymologically
<i>alg.</i>	algebra	<i>euph.</i>	euphemism
<i>alt.</i>	alternative	<i>exclam.</i>	exclamatory
<i>anat.</i>	anatomy		
<i>approx.</i>	approximately	<i>facet.</i>	facetious
<i>arch.</i>	archaic	<i>fem.</i>	feminine
<i>arith.</i>	arithmetic	<i>fig.</i>	figurative
<i>art.</i>	article	<i>for.</i>	formal
<i>astr.</i>	astronomy		
<i>astrol.</i>	astrology	<i>gen.</i>	gender
		<i>geog.</i>	geography
Beng.	Bengali	<i>geol.</i>	geology
bot.	botany	<i>geom.</i>	geometry
		<i>gr.</i>	grammar
<i>chem.</i>	chemistry		
<i>christ.</i>	christianity	<i>High.</i>	High Bengali
<i>coll.</i>	colloquial	<i>hist.</i>	history
<i>collect.</i>	collective	<i>hon.</i>	honorific
<i>com.</i>	common	<i>hum.</i>	humorous
<i>comm.</i>	commerce		
<i>comp.</i>	compound	<i>idiom.</i>	idiomatic
<i>compar.</i>	comparative	<i>i.e.</i>	id est (that is)
<i>con.</i>	conjunction	<i>imi.</i>	imitative
<i>contemp.</i>	contemptuous	<i>imperat.</i>	imperative
<i>contr.</i>	contraction	<i>imperf.</i>	imperfect
<i>cp.</i>	compare	<i>imprec.</i>	imprecatory
<i>correl.</i>	correlative	<i>ind.</i>	indecent
<i>corrup.</i>	corruption, corrupted	<i>inf.</i>	informal
		<i>infe.</i>	inferior
<i>def.</i>	definite	<i>infi.</i>	infinitive
<i>deg.</i>	degree	<i>int.</i>	interjection
<i>dero.</i>	derogatory	<i>interro.</i>	interrogative
<i>dial.</i>	dialectal		
<i>dim.</i>	diminutive	<i>joc.</i>	jocular
<i>distr.</i>	distributive	<i>leg.</i>	legal
		<i>ling.</i>	linguistics
<i>econ.</i>	economics	<i>lit.</i>	literary
<i>e.g.</i>	exempli gratia (for example)	<i>log.</i>	logic
		<i>loos.</i>	loosely, loose

masc. masculine
math. mathematics
mech. mechanics
med. medical
metaph. metaphysics
mil. military
mod. modern
Mus. Muslim
mus. music
myth. mythology

n. noun
naut. nautical
neut. neuter

obs. obsolete
obsc. obscene
ori. original

p. past
part. participle
perf. perfect
px. prefix
ph. phrase
phil. philosophy
phon. phonetics
pl. plural
poet. poetic use
pol. politics
pop. popular
pos. positive
poss. possessive

post. post position
p. pt. past participle
pr. present
prep. preposition
print. printing
pro. pronoun
pros. prosody

rare rarely
rej. rejected
relat. relative
rhet. rhetoric
ridi. in ridicule

Sans. Sanskrit
sarcas. sarcastic
sc. science
sfx. suffix
sing. singular
sl. slang
spell. spelling
super. superlative

trans. transitive
theol. theology
theos. theosophy

usu. usually

v. verb
var. variant
voc. vocative
vul. vulgar